সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৯শে অগ্রহায়ণ বুধবার, ১৩৭২ ইং 15th Dec. 1965 {২৯শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Sarkar

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO.62354.07.57

**খাস জনতা**
কেরোসিন কুকার

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন
**শিবদুর্গা বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, ( বাস ষ্ট্যাণ্ড ) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৯শে অগ্রহায়ণ বুধবার সন ১৩৭২ সাল।

## ওভারটাইম কমাতে হবে

সরকারী কর্মচারীদের ওভারটাইম বাবদ যে টাকা দেওয়া হয় তার হার শতকরা দশভাগ কমিয়ে ফেলার জন্য অর্থদপ্তর প্রস্তাব করেছেন বলে জানা গিয়েছে।

ইউ এন আই-র সংবাদে বলা হয়েছে এইখাতে বিল ক্রমেই বেড়ে যাওয়ায় এই প্রস্তাব করা হয়েছে। এই বৎসর ওভারটাইম বাবদ দেয় টাকার পরিমাণ ১৫ লক্ষ টাকা দাঁড়াতে পারে।

অর্থদপ্তর থেকে বলা হয়েছে, রবিবার ও ছুটির দিনে ওভারটাইম কাজের জন্য যেমন টাকা দেওয়া হয়ে থাকে সেরকমই দেওয়া উচিত। বর্তমানে এই সমস্ত দিনে সরকারকে বেতনের দ্বিগুণ হারে টাকা দিতে হয়।

---

## অভয়-বাণী

( ১ )

আর ভয় নাই জেগেছে ভারত,
জেগেছে মোদের দেশ।
এবার ঘুচিবে ভারতমাতার
দুঃখের সব শেষ॥

( ২ )

মহাবস্থানে শত্রুদলের
সম্মতি নাই দেখে।
স্বাধীনতা ধন রক্ষার তরে
দাঁড়ায়েছি মোরা রুখে॥

( ৩ )

লভিতে এ ধন দিয়েছে জীবন,
হেথা বীর শত শত।
ঋষি অরবিন্দ, বাঘা যতীন আর
ক্ষুদিরাম আদি কত।

( ৪ )

বহু প্রাণ দিয়ে লব্ধ এ ধন,
শুধু ইহা রাখিবারে।
যুদ্ধে বাধ্য হইয়াছি মোরা
নহে পর-ভূমি তরে॥

( ৫ )

জনসাধারণ নিরীহ তাদেরে
বধিতে বাসনা নাই।
গর্বিতদের সুমতি আসুক
এইটাই মোরা চাই॥

( ৬ )

এখনো যদি না বোঝে সে কথাটা
ভারতের রিপুদল।
মোদের জোয়ান বীরেরা দিবেই
সমুচিত প্রতিফল॥

( ৭ )

ভারতে যে কোন অংশে রিপুরা
চালাইবে উৎপাত।
মোদের জোয়ান বীরেরা তাদের
ভেঙে দেবে বিষদাঁত॥

( ৮ )

টগ্ বগ্ করে রক্ত ফুটিছে
মোদের ধমনী মাঝে।
নিস্তার নাই, নিস্তার নাই,
আসিলে মোদের কাছে॥

( ৯ )

এতকাল মোরা ফুল পাতা দিয়ে
পূজেছি শক্তিমায়ে।
এবার পূজিব মায়ের চরণ
বুকের রক্ত দিয়ে॥

( ১০ )

অরাতিদলের গর্বিতভাব
সমূলে নাশের তরে।
দীর্ঘ সময় লাগিবে, থাকিতে
হইবে ধৈর্য্য ধ'রে॥

( ১১ )

ভারতের প্রতি নাগরিক মোরা
সবে এক মন প্রাণ।
একতা ধৈর্য্য সহায় করিয়া
আমাদের অভিযান॥

( ১২ )

ভারত আইনে নাগরিকগণে
ইতর বিশেষ নাই।
সম অধিকার হেথা সবাকার
সকলেই ভাই ভাই॥

( ১৩ )

মোদের প্রধান পরিচয় এই—
আমরা ভারতবাসী।
বাঙ্গালী, বিহারী, উড়িয়া প্রভৃতি
সকলেই একদেশী॥

( ১৪ )

হই না হিন্দু, হই মুসলিম,
জৈন, ক্রিশ্চিয়ান।
ভারতের প্রতি অধিবাসী মোরা
সকলে ইণ্ডিয়ান॥

( ১৫ )

শত বুঝালেও বুঝিল না যারা
তাহাদের সনে আর।
কোনও সর্ত্ত করা ভাল নয়,
বুঝেছি এবার সার॥

( ১৬ )

প্রতিবেশী সনে নিত্য-কলহ
দেখিয়া অসৎ হাসে।
একবারে হ'য়ে যাক্ বোঝাপড়া,
সুখ হবে সব শেষে।

( ১৭ )

জয়হিন্দ রবে ভারতমাতার
বীর সন্তান সবে।
হও আগুয়ান্ স্বদেশের তরে
প্রাণপণ কর এবে।

( ১৮ )

অন্তরে মোর কে যেন বলিছে
"নাহি ভয়, নাহি ভয়"।
সত্যের জয়, হবে নিশ্চয়,
জয় ভারতের জয়॥

। জয়হিন্দ ।

## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

৫৮/৬৫ অস্থ

বাদী—উমেদুল্লা মণ্ডল দিং সাং রাধাকৃষ্ণপুর, থানা লালগোলা।

বিবাদী—হবিবর রহমান দিং সাং রাধাকৃষ্ণপুর, থানা লালগোলা।

রাধাকৃষ্ণপুরের উমেদুল্লা মণ্ডল দিগর সাগরদীঘি থানার অন্তর্গত কুল আরিজপুর মৌজার ১২৭নং খতিয়ানের মোট ২৫·০৩ শতক সম্পত্তি মধ্যে ৫·০০ন্থ শতক সম্পত্তি বাবদ জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে ৫৮.৬৫ অস্থ মোকদ্দমায় চিরস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনায় রাধাকৃষ্ণপুর সাকিমের আবদুল আজিজ বিশ্বাসের ওয়ারীশগণের বিরুদ্ধে নালিশ দায়ের করিয়াছেন তন্মধ্যে জাবেদা খাতুন স্বামী আফসার বিশ্বাস, রাবিয়া খাতুন স্বামী আবদুর রসিদ মিঞা যথাক্রমে ৩।৪নং বিবাদী হইতেছেন এবং মাজেদা খাতুন স্বামী মওলানা মজাফ্ফর হোসেন ৬নং বিবাদী ও সাজেদা খাতুন বিবি স্বামী মোঃ আমিনুল হক্ ১০নং বিবাদী হইতেছেন। উক্ত বিবাদীগণের ও সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি দেওয়া হইল তাহাতে উল্লিখিত বিবাদীগণের কিছু বক্তব্য থাকিলে তাহারা অত্রাদালতে জনৈক উকিল দ্বারা দর্শাইবেন।

By order of the Court
B. B. Ghosh
Sharistader, Munsif's
1st. Court, Jangipur.

9. 12. 65

---


## বিজ্ঞাপন

জিনদীঘি উচ্চ-বুনিয়াদী বিদ্যালয়ের জন্য দুইজন ক্র্যাফ্‌ট্ শিক্ষক (একজন উড ও একজন টেলারিং) প্রয়োজন। সত্বর আবেদন করুন। শেষ তারিখ ১৫-১-৬৬ সেক্রেটারী, পোঃ তাঁতিবিড়ল, মুর্শিদাবাদ।


---

# লেভি সম্বন্ধে

পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগীয় ২৭-১১-৬৫ তারিখের ১১২৮৭ সংখ্যক পশ্চিমবঙ্গ খাদ্যশস্য সংগ্রহ (লেভি) আদেশ অনুযায়ী, ধান্য উৎপাদনকারীগণ, তাঁহাদের ধান্যচাষের জমির পরিমাণের হিসাবে, নিম্নলিখিত হারে ধান্য, নিজ এলাকার খাদ্যশস্য ক্রয়ের জন্য নিযুক্ত সরকারী এজেন্ট বা চাউলকলের নিকট ১৯৬৬ সালের ৩১শে মার্চের মধ্যে নির্দ্ধারিত মূল্যে বিক্রয় করিবেন। ধান্যের বদলে ইচ্ছা করিলে, তিনভাগের দুইভাগ ওজনের চাউলও লেভি দিতে পারেন।

জমি অনুযায়ী লেভির দেয় মোট ধান্য, ঐ জমির স্বত্বের অংশীদার ও বর্গাদার বা ভাগীদারগণ আপন আপন প্রাপ্য অনুসারে, হারাহারি ভাগে ভাগ করিয়া নিজ এলাকার সরকারী এজেন্ট বা চাউলকলকে বিক্রয় করিবেন। সরকারী এজেন্ট ও চাউলকলগুলি—ধান্য বা চাউল ক্রয় করার রসিদ দিতে বাধ্য থাকিবেন, কেবলমাত্র ঐ রসিদই লেভির হিসাবের মধ্যে গণ্য হইবে, সুতরাং কোনও বিক্রেতা যেন উক্ত প্রমাণ লইতে না ভুলেন।

### ধান্য উৎপাদনকারীর লেভি আদেশ অনুসারে দেয় ধান্যের পরিমাণের তালিকা

| জমির পরিমাণ একর | বিঘা (আনুমানিক) | সেচ পরিকল্পনার অন্তর্গত এলাকা হইলে কুইন্টাল | মণ | | সেচ পরিকল্পনার বহির্ভূত এলাকা হইলে কুইন্টাল | মণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ৩ | — | — | : | — | — |
| ২ | ৬ | ১ | ২.৬৮ | : | — | — |
| ৩ | ৯ | ৪.৫০ | ১২.০৬ | : | ১.৫০ | ৪.০২ |
| ৪ | ১২ | ৯.০০ | ২৪.১১ | : | ৩ ৫০ | ৯.৩৮ |
| ৫ | ১৫ | ১৩.৫০ | ৩৬ ১৭ | : | ৫.৫০ | ১৪.৭৪ |
| ৬ | ১৮ | ১৯.৫০ | ৫২.২৪ | : | ৮.৫০ | ২২.৭৭ |
| ৭ | ২১ | ২৫ ৫০ | ৬৮.৩২ | : | ১১.৫০ | ৩০.৮১ |
| ৮ | ২৪ | ৩৩.০০ | ৮৮.৪১ | : | ১৪.৫০ | ৩৮.৮৫ |
| ৯ | ২৭ | ৪০.৫০ | ১০৮.৫১ | : | ১৭ ৫০ | ৪৬.৮৯ |
| ১০ | ৩০ | ৪৮.০০ | ১২৮.৬০ | : | ২০.৫০ | ৫৪.৯২ |
| ১১ | ৩৩ | ৫৬.০০ | ১৫০.০৪ | : | ২৫.৫০ | ৬৮.৩২ |
| ১২ | ৩৬ | ৬৪.০০ | ১৭১.৪৭ | : | ৩০.৫০ | ৮১.৭২ |
| ১৩ | ৩৯ | ৭২.০০ | ১৯২ ৯০ | : | ৩৫.৫০ | ৯৫.১১ |
| ১৪ | ৪২ | ৮০.০০ | ২১৪.৩৪ | : | ৪০.৫০ | ১০৮ ৫১ |
| ১৫ | ৪৫ | ৮৮.০০ | ২৩৫.৭৭ | : | ৪৫ ৫০ | ১২১.৯০ |
| ১৬ | ৪৮ | ৯৬.০০ | ২৫৭.২১ | : | ৫০.৫০ | ১৩৫.৩০ |
| ১৭ | ৫১ | ১০৪.০০ | ২৭৮.৬৪ | : | ৫৫.৫০ | ১৪৮ ৭০ |
| ১৮ | ৫৪ | ১১২.০০ | ৩০০.০৭ | : | ৬০.৫০ | ১৬২.০৯ |
| ১৯ | ৫৭ | ১২০.০০ | ৩২১.৫১ | : | ৬৫ ৫০ | ১৭৫.৪৯ |
| ২০ | ৬০ | ১২৮.০০ | ৩৪২.৯৪ | : | ৭০.৫০ | ১৮৮ ৮৯ |
| ২১ | ৬৩ | ১৩৬.০০ | ৩৬৪.৩৮ | : | ৭৫.৫০ | ২০২.২৮ |
| ২২ | ৬৬ | ১৪৪.০০ | ৩৮৫.৮১ | : | ৮০.৫০ | ২১৫.৬৮ |
| ২৩ | ৬৯ | ১৫২.০০ | ৪০৭.২৪ | : | ৮৫.৫০ | ২২৯.০৭ |
| ২৪ | ৭২ | ১৬০.০০ | ৪২৮.৬৮ | : | ৯০.৫০ | ২৪২.৪৭ |
| ২৫ | ৭৫ | ১৬৮.০০ | ৪৫০.১১ | : | ৯৫.৫০ | ২৫৫.৮৭ |

শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায়, জেলা শাসক ও সমাহর্ত্তা, মুর্শিদাবাদ।





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা-১২**

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


**প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি**

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

**সেলস অফিস ও শোরুম**
**৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬**
**ফোন: ৫৫-৪৩৬৬**

---

দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---

*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)